

**জেএসসি-জেডিসি
পরীক্ষার প্রশ্ন ফাঁস
হলে কঠোর ব্যবস্থা**

শিক্ষামন্ত্রী

সমকাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জেএসসি ও জেডিসি পরীক্ষা সৃষ্ট ও সুশীলভাবে সম্পন্ন করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন। গতকাল সোমবার ঢাকার তেজগাঁওয়ে বিজি প্রেসের সভাকক্ষে এবারের জেএসসি, জেডিসি পরীক্ষা উপলক্ষে আইন-শৃঙ্খলা রক্ষা-সংক্রান্ত সভায় সভাপতির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান। সৃষ্ট ও নকলযুক্ত পরিবেশে পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে প্রশ্নপত্র মুদ্রণ, বিতরণ, গোপনীয়তা ও নিরাপত্তা বিষয়ে জাতীয় মনিটরিং কমিটির এ সভার আয়োজন করা হয়।
শিক্ষামন্ত্রী বলেন, পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের আশঙ্কা দূর করতে বিজি প্রেসে প্রশ্নপত্র ছাপানোর ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। ইতিমধ্যে পরীক্ষার ফলের ভিত্তিতে সেরা স্কুলের তালিকা প্রকাশ বন্ধ করা হয়েছে। এর আগে প্রশ্ন ফাঁসের অভিযোগ যাদের বিরুদ্ধে উঠেছে, তাদের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে। শিক্ষামন্ত্রী ইশিয়ারি উচ্চারণ করে বলেন, কোনো ব্যক্তি বা স্কুলের বিরুদ্ধে প্রশ্ন ফাঁসে জড়িত থাকার অভিযোগ উঠলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পরীক্ষা গুরুত্বপূর্ণ আগমুহুর্তে পরীক্ষা কেন্দ্র থেকে যাতে প্রশ্নপত্র ফাঁস না হয় সে ব্যাপারে দৃঢ় পদক্ষেপ নিতে নির্দেশ দেওয়া হয়েছে এ বৈঠকে।